

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসারের কার্যালয়
চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড
চট্টগ্রাম সেনানিবাস
(প্রশাসন শাখা)
www.cbctg.gov.bd

নং- ২৩.২২.০০০০.৭০৪.০১১.০৮.০০০৫.২৪. ৩৯

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: অবসর গ্রহণের অনুমোদনসহ অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর ও পাওনা ছুটির পরিবর্তে নগদায়ন মঞ্জুরের আবেদনপত্র অগ্রগামীকরণ।

উপর্যুক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ কার্যালয় পরিচালিত চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব সৈয়দ মোহাম্মদ আবদুল্লাহ এর জন্ম তারিখ ০১ মার্চ ১৯৬৭ খ্রি. অনুযায়ী ২৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. তারিখে তাঁর বয়স ৫৯ বছর পূর্ণ হবে বিধায় তিনি আগামী ০১ মার্চ ২০২৬ খ্রি. তারিখ হতে অবসর গ্রহণের অনুমোদনসহ অবসরোত্তর ছুটি মঞ্জুরের জন্য ১৫ ডিসেম্বর ২০২৬ খ্রি. তারিখ আবেদন করেন। তিনি বিগত ১৭ আগস্ট ১৯৯৪ খ্রি. তারিখ সহকারী শিক্ষক (মানবিক) পদে নিয়োগ লাভ করেন। বর্তমানে তিনি পূর্ণগড় বেতনে ১০ মাস ২৭ দিন ও অর্ধগড় বেতনে ০২ বছর ০৪ মাস ১৪ দিন ছুটি পাওনা আছেন। ০২ বছর ০৪ মাস ১৪ দিনের অর্ধগড় বেতনের ছুটিকে পূর্ণগড়ে রূপান্তর করলে (০২ বছর ০৪ মাস ১৪ দিন ÷ ২) ০১ বছর ০২ মাস ০৭ দিন হয়। সুতরাং মোট গড়বেতনের ছুটির পরিমাণ (১০ মাস ২৭ দিন + ০১ বছর ০২ মাস ০৭ দিন) = ০২ বছর ০১ মাস ০৪ দিন।

২। তিনি পূর্ণগড় বেতনে প্রাপ্য ছুটি ০২ বছর ০১ মাস ০৪ দিন হতে ১২ মাস অবসর-উত্তর ছুটি (পিআরএল) ভোগ করবেন। বিধিমতে তিনি ০১ বছর ০১ মাস ০৪ দিনের ছুটির পরিবর্তে নগদায়ন প্রাপ্য। সে মতে অবসরোত্তর ছুটিতে (পিআরএল) গমনের পূর্ব মাসের মূলবেতন ৬৭,০১০/- (সাতষট্টি হাজার দশ) টাকা হিসেবে ৬৭,০১০/- × ০১ বছর ০১ মাস ০৪ দিন = ৮,৮০,৭০৩/- (আট লক্ষ আশি হাজার সাতশত তিন টাকা) টাকা এককালীন ছুটি নগদায়ন বাবদ প্রাপ্য।

৩। সংশ্লিষ্ট শিক্ষক তাঁর আবেদনে উল্লেখ করেন যে, তিনি কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে বহির্বাংলাদেশ গমন করেননি বিধায় প্রত্যয়ন করা হলো।

৪। এমতাবস্থায়, সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের অবসর গ্রহণের অনুমোদনসহ অবসরোত্তর ছুটি (পিআরএল) ও পাওনা ছুটির পরিবর্তে নগদায়ন মঞ্জুরের জন্য তার স্ব-ব্যাখ্যাত আবেদনপত্র, ছুটির হিসাবসহ সার্ভিস বহি, নিয়োগপত্র, যোগদান আদেশ, চাকুরি স্থায়ীকরণ, পেনশন অপশন পত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্রের ছায়ালিপি ও পাসপোর্টের ছায়ালিপি সত্যায়নপূর্বক মহোদয়ের সদয় পরবর্তী কার্যার্থে সুপারিশসহ এতদসঙ্গে অগ্রায়ণ করা হলো।

সংযুক্তিঃ

- ১। সার্ভিস বহি (বৈধািকৃত) - ০১ (এক) টি।
- ২। আবেদনপত্রসহ অন্যান্য কাগজাদি - ১০ (দশ) পাতা।
- ৩। পাসপোর্টের ছায়ালিপি - ০৭ (সাত) পাতা।

মহাপরিচালক

সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর
প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা সেনানিবাস।

নং- ২৩.২২.০০০০.৭০৪.০১১.০৮.০০০৫.২৪. ৩৯

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। প্রধান শিক্ষক, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম সেনানিবাস।
- ০২। জনাব সৈয়দ মোহাম্মদ আবদুল্লাহ, প্রধান শিক্ষক, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম সেনানিবাস।
- ০৩। সহকারী সচিব, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।
- ০৪। হিসাব রক্ষক, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।
- ০৫। উচ্চমান সহকারী, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।
- ০৬। আইসিটি সেল, চট্টগ্রাম ক্যান্টনমেন্ট বোর্ড, চট্টগ্রাম সেনানিবাস।
- ০৬। ব্যক্তিগত নথি/সংশ্লিষ্ট নথি।

(সাইদুজ্জামান চৌধুরী)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
চট্টগ্রাম সেনানিবাস।
ফোন নম্বর-০২৩৩৯২৪৩১৬২
E-mail: eeo_chattogram@dmlc.gov.bd
cbchittagong@gmail.com

তারিখ: ২৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১১ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

(সাইদুজ্জামান চৌধুরী)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার